"মিষ্টি বাচ্চারা - সুরভিত ফুলে পরিণত হও, শ্রীকৃষ্ণ হলেন নম্বরওয়ান সুরভিত পুষ্প তাই তিনি সবার প্রিয়, সকলে তাকে নয়নের পলকের উপরে রাখে"

*প্রশ্নঃ - লৌকিকে সুইট সম্বন্ধ কোনটি এবং সুইটেস্ট কোন্ সম্বন্ধকে বলা হবে?

*উত্তরঃ - লৌকিকেও সুইট ফাদারকেই বলা হয়। তোমরা বাচ্চারাও বলো উনি আমাদের অতি মোস্ট লাভলী সুইট ফাদার, আমরা তাঁর লাভলী সন্তান। সুইটেস্ট তারপর টিচারকে বলবে কারণ টিচার পড়াশোনা করান। নলেজ হল সোর্স অফ ইনকাম। তোমরাও প্রথমে নলেজ প্রাপ্ত করো। গৃহস্থে থেকে এই নলেজ ধারণ করতে হবে এবং অন্যদের ধারণ করাতে হবে।

*গীতঃ- মরণ তোমার গলিতে....

ওম্ শান্তি। বাচ্চারা গীত শুনলো। যখন কারো মৃত্যু হয় তখন সে অন্য মাতা পিতার কাছে জন্ম গ্রহণ করে। পিতাকে অভিনন্দন জানানো হয়। এখন তোমরা বাচ্চারা জানো আমরা আত্মারা হলাম অবিনাশী। ওটা হলো দেহের কথা। এক দেহ ত্যাগ করে অন্য দেহ ধারণ করা অর্থাৎ এক পিতাকে ত্যাগ করে অন্য পিতার কোলে যাওয়া। তোমরা ৮৪ জন সাকারী পিতার কোল প্রাপ্ত করেছো। বাস্তবে তোমরা হলে নিরাকারী পিতার সন্তান। তোমরা আত্মারা নিবাসী হলে নির্বাণ ধাম - শান্তি ধামের। যেখানে আত্মারা বাবার সাথে নিবাস করে। তাকে বলা হবে আত্মাদের দুনিয়া। তোমরা আত্মারাও সেখানে বাস করো তো শিববাবাও সেখানে বাস করেন। এখানে লৌকিক পিতার সঙ্গে বাস করে নিরাকারী পিতাকে ভুলে যাও। সত্যযুগে তো বাবাকে (নিরাকার/আকারী) কেউ স্মরণ করে না। বুদ্ধি নীচে (সাকার বতনে) চলে আসে। তাকে স্মরণ করবে তো বলবে - ও বাবা। এনাকেও বলবে বাবা। ইনিও হলেন ফাদার। লৌকিক বাবাকে এখানে দেখবে। পারলৌকিক বাবাকে আহ্বান করলে দৃষ্টি উপরের দিকে চলে যায়। এখন তোমরা সেই পিতার সন্তান হয়েছো। তোমরা জানো প্রথমে আমরা পবিত্র ছিলাম, রাজ্য-ভাগ্যের অধিকারী ছিলাম, এখন ৮৪ জন্ম পূর্ণ হয়েছে। দুঃখী হয়েছে বলেই বাবাকে স্মরণ করে। এই বস্ত্র (শরীর) ধারণ করতে করতে এখন তমোপ্রধান হয়ে পড়েছে। প্রথমে আত্মা এবং শরীর - দুই-ই সতোপ্রধান ছিল। পরে আত্মা সতঃ রজঃ, তমোতে আসে। প্রথমে গোল্ডেন ছিল পরে সিলভার, কপার, আয়রন স্টেজে এসেছে। একে গহনাও বলে। সোনায় খাদ মেশানো হয় তাইনা। শিববাবা বোঝান এখন তোমরা আত্মারা পতিত হয়েছো। সোনা কালো হয়েছে। তোমরা কালো ইমপিওর হয়েছো। প্রথমে তোমরা আত্মারা পিওর ছিলে, শরীরও পিওর ছিল, এখন পুনরায় পিওর শরীর কীভাবে ধারণ করবে ? স্নান করে? স্নান করলে তো কিছুই হয় না। আত্মা আহবান করে - হে পতিত-পাবন বাবা। 'বাবা' শব্দটি খুব মিষ্টি। খুবই ভালো। ভারতেই 'বাবা' শব্দ রয়েছে। বাচ্চারা 'বাবা-বাবা' বলতে থাকে। এখন তোমরা বাচ্চারা জানো আমরা আত্ম-অভিমানী হয়ে বাবার আপন হয়েছি। শিববাবা বলেন আমি সর্বপ্রথমে তোমাদেরকে স্বর্গে পাঠিয়ে ছিলাম। পার্ট প্লে করতে করতে এখন শেষ সময়ে এসে পৌঁছে গেছ। অন্তরে সর্বদা বাবা-বাবা করতে থাকো। তোমরা বাচ্চারা জানো বাবা এসেছেন। তাঁকেও সবাই স্মরণ করে যে হে পতিত-পাবন আসুন, আমরা পতিত, এসে আমাদের পবিত্র করুন। সবাই নিজের নিজের ভাষায় আহবান করে। যখন পুরানো দুনিয়া হয় তখন ডাকে। তো নিশ্চয়ই সঙ্গমের সময়েই আসবেন। এই কথাও তোমরা জানো। শাস্ত্রে তো ভুলভাল লিখে দিয়েছে। বাচ্চারা, তোমাদের এই দৃঢ়নিশ্চয় আছে যে, আমাদের মোস্ট বিলাভেড বাবা হলেন শিববাবা, মোস্ট লাভলী বাবা হলেন উনি। বাবাও বলেন সুইট চিলড্রেন। সুইট, সুইটার, সুইটেস্ট। এবারে তবে সুইট কে? লৌকিক সম্বন্ধেও ফাদারই সুইট হয়। তারপরে সুইটেস্ট বলবে টিচারকে। টিচার তো ভালো। তিনি তোপড়ান। বলাও হয় - নলেজ ইজ সোর্স অফ ইনকাম। তো এই নলেজও হল সোর্স অফ ইনকাম।

যোগকে স্মরণ, জ্ঞানকে নলেজ বলা হয়। তোমরা বাচ্চারা জানো - তোমাদেরকে স্বর্গের মালিক বানিয়ে ছিলাম, তাই তো শিবজয়ন্তী পালন করো। কিন্তু শিববাবা কীভাবে আসেন - সে কথা কেউ জানে না। চিত্রেও ত্রিমুর্তি আছে, শিব আছেন উপরে। ব্রহ্মার দ্বারা স্থাপনা, স্থাপনা কে করান? করনকরাবনহার শিববাবা। ব্রহ্মা, বিষ্ণু, শঙ্করের উপরে হলেন শিব। তারি হলেন রচনা। রচয়িতা হলেন শিব। উনি হলেন নিরাকার। এ'হল সাকার সৃষ্টি। সৃষ্টি চক্র, যা রিপিট হয়। সূক্ষ্মবতনকে সৃষ্টির চক্র বলবে না। এই মনুষ্য সৃষ্টিই আবর্তিত হয়। না সূক্ষ্মবতনে, না মূলবতনে চক্রের ব্যাপার আছে। এখন হলো কলিযুগ নরক। সত্যযুগ হলো স্বর্গ। এবারে নরকবাসীদের স্বর্গবাসী কে বানাবে? বামমার্গে গিয়েই পতিত হয়ে

যায়। দিন-দিন সুখ থেকে দুঃখে আসতে থাকে। দুনিয়া তমোপ্রধান হয়ে যায়, তখন বলা হয় এ'হল একেবারেই তমোগুণী বুদ্ধি, এ অত্যন্ত সতোপ্রধান বুদ্ধি, যেন দেবতার সমান। বাস্তবে পূজা দেবতাদের হওয়া উচিত। কিন্তু দেবতা তো এই সময় কেউ নেই কারণ দৈবগুণ তাদের মধ্যে নেই। খ্রীস্টানরা খ্রীষ্টকে জানে। তার আরাধনা করে। ভারতবাসী নিজেকে দেবী-দেবতা রূপে পরিচয় দিতে পারে না। নাম তো অনেকের আছে - অমুক দেবী, অমুক দেবতা। কিন্তু সেইরকম গুণ তো নেই। গায়নও করে - আমি নির্গুণ হারা, আমার মধ্যে কোনও গুণ নেই.... আত্মা কার সামনে গিয়ে বলে? বাবার সম্মুখে গিয়ে বলা উচিত তাইনা। বাবাকে ভুলে ভাইদের (আত্মাদের) অনুসরণ করে। ব্রহ্মা, বিষ্ণু, শঙ্করও হলেন ব্রাদার্স তাইনা। তাদের কাছে কিছুই প্রাপ্তি হওয়ার নেই। ব্রাদার্সদের পূজা করতে থাকে, নীচে নামতে থাকে। এখন ফাদারের কাছে তোমাদের বর্সা প্রাপ্ত হয়। ফাদারের পরিচয় কেউ জানে না। ফাদারকে সর্বব্যাপী বলে দেয়। আরে, ফাদারের কি নাম? বলে দেয় উনি তো নাম-রূপ থেকে পৃথক অর্থাৎ ঊর্ধ্বে, নাম-রূপ বিহীন। আরে, তোমরা এক দিকে অখন্ড জ্যোতি স্বরূপ বলো, তারপরে নাম রূপ থেকে পৃথক কীভাবে বলে দাও? এই কথাও বুঝতে হবে যে - নিয়ম অনুসারে সবাইকে তমোপ্রধান হতেই হবে। পরে যখন বাবা আসেন তখন সবাইকে সতোপ্রধান বানিয়ে দেন। আত্মাকে অবশ্যই পিওর হতে হবে। সব আত্মারা বাবার সাথে থাকবে। নতুন দুনিয়া, পুরানো দুনিয়ায় পরিণত হয়ে যায়।

তোমরা জানো এখন আমরা বাবার আপন হয়েছি। বাবা এসেছেন। ব্রহ্মার দ্বারা স্থাপনা করান। শিববাবা বলেন আমি ব্রহ্মার দেহের আধার নিয়ে থাকি। ভাগ্যশালী রথে যাত্রা করি। রথে তো অবশ্যই আত্মা বিরাজিত থাকবে, তাইনা। বলা হয় ভগীরথ গঙ্গা এনেছে। এবারে গঙ্গার কেশজটা দিয়ে কীভাবে আসবে? গঙ্গা তো হলো পাহাড় বেয়ে নেমে আসা মিষ্টি জলধারা। সাগর থেকে জল নিয়ে মেঘ ভরপুর হয়ে বর্ষা হয়। আজকাল সায়েন্সের শক্তি দিয়ে জলও মিষ্টি হয়ে যায়। ন্যাচারাল মেঘ বর্ষণ হয়। কত জল ভরে যায়। বন্যা হয়ে যায়। এত জল কোথা থেকে আসে? মেঘ নির্মিত হয়। ইন্দ্র দেবতা ইত্যাদি কিছু নয়। এ'হল মেঘ ভরপুর হয়ে বর্ষা হয়। বাস্তবে এইসব হলো জ্ঞানের বর্ষা। এ হলো নলেজ তাইনা। এর দ্বারা কি হয়? পতিত থেকে পবিত্র হয়। গঙ্গা-যমুনা নদী সত্যযুগেও তো থাকবেই। বলা হয় শ্রীকৃষ্ণ সেখানে খেলাধূলা ইত্যাদি করতেন। বাস্তবে এমন কোনও কথা নেই। সেখানে তো শ্রীকৃষ্ণের লালন পালন খুবই ভালোভাবে করা হয়। খুবই সুন্দর ফুল তাইনা। ফুলের শোভা হয় খুবই মনোরম। ফুলের কাছে সৌরভ প্রাপ্ত হয়। কাঁটার সৌরভ কেউ নেয় কি? এ' হলোই কাঁটার জঙ্গল। নিরাকার বাবা বলেন আমি এসে গার্ডেন অফ ফ্লাওয়ার বানাই, তাই বাবুলনাথ নামও রাখা হয়। বাবুল কাঁটাকে ফুলে পরিণত করেন তাই মহিমা গায়ন করা হয় - উনি হলেন নাথ, কাঁটাদের ফুলে পরিণত করেন। তাই শিববাবার প্রতি কতখানি ভালোবাসা থাকা উচিত। লৌকিক বাবা থাকা সত্ত্বেও আত্মা, পারলৌকিক পিতাকে স্মরণ করে, কারণ তারা দুঃখী হয়েছে। এও হলো খেলা। তোমরা অর্ধেক কল্প ধরে স্মরণ করে এসেছো। উনি আসেন তবে তো শিবজয়ন্তী পালন করো। তোমরা জানো এখন আমরা অসীম জগতের পিতার সন্তান হয়েছি। আমাদের সম্বন্ধ তাঁর সঙ্গেও আছে। লৌকিকের সঙ্গেও আছে। অসীম জগতের বাবা বলেন আমাকে স্মরণ করলে তোমরা পবিত্র হয়ে যাবে। আত্মা জানে ইনি লৌকিক বাবা, উনি হলেন পারলৌকিক পিতা। আত্মা পারলৌকিক পিতাকে আহবান জানায়। আত্মা বলে - হে ভগবান, ও গড ফাদার! যখন ফাদার ঘরে বসে আছেন তো - ও ফাদার! বলে কেন ডাকে? আত্মা সেই অবিনাশী পিতাকে স্মরণ করে। উনি কবে এসে নতুন দুনিয়া রচনা করেন - এ' কথাও তোমরা এখন বুঝেছো। অবশ্যই বলবে যে, কলিযুগের অন্তিম সময়ে এবং সত্য যুগের আদি কালের সঙ্গমে আসবেন। কলিযুগের আয়ু যদিও লক্ষ বছর বলে দেয়। মানুষ ভগবানকে পাওয়ার জন্য অনেক বিভ্রান্ত হয়। সবচেয়ে বেশি ভক্তি কে করে? তাদের প্রাপ্তি তো প্রথমে হওয়া উচিত, তাইনা। শিববাবা বুঝিয়েছেন সর্বপ্রথমে ভক্তি তোমরাই শুরু করো। তোমাদেরই প্রথমে জ্ঞান প্রাপ্ত হওয়া উচিত। তোমরা প্রথমে আসুরিক গুণ যুক্ত ছিলে। এখন তোমরা দৈবী গুণবান দেবতা হও। এত উচ্চ স্বর্গের তোমরা মালিক হও। সেখানকার সব জিনিস ফার্স্ট ক্লাস হয়। তোমরা খুব ধনী হও। তোমাদের জন্য সেখানে হীরে জহরতের মহল তৈরি থাকবে।

যতক্ষণ ব্রাহ্মণ না হয় তত ক্ষণ শিববাবার কাছে বর্সা প্রাপ্ত হয় না। শূদ্র বর্সা নিতে পারে না। এ' হলো যজ্ঞ, তাইনা। এতে ব্রাহ্মণ নিশ্চয়ই চাই। যজ্ঞ সদা ব্রাহ্মণদের দ্বারাই সম্পন্ন হয়। শিবকে রুদ্রও বলা হয়। তো এ হল রুদ্র জ্ঞান যজ্ঞ। রুদ্র শিববাবার দ্বারা এই জ্ঞান যজ্ঞের রচনা হয়েছে। ভক্তি পূর্ণ হলে এই যজ্ঞ রচনা করা হয়। মানুষ যজ্ঞের রচনা করে ভক্তি মার্গে। সত্যযুগে দেবতারা কখনও যজ্ঞ ইত্যাদি রচনা করেন না। কিন্তু এই হল রাজস্ব অশ্বমেধ অবিনাশী রুদ্র জ্ঞান যজ্ঞ। এই নামের শাস্ত্রেও গায়ন আছে। ভক্তি এবং জ্ঞান হল অর্ধেক অর্ধেক। ভক্তি হল রাত, জ্ঞান হল দিন। এই কথা বাবা বোঝান। সর্বদা বাবা-বাবা বলতে থাকো। বাবা আমাদেরকে বিশ্বের মালিক করেন। মোস্ট বিলাভেড হলেন বাবা। তাঁর চেয়ে বেশি প্রিয় এই দুনিয়ায় কেউ হতে পারে না। অর্ধেক কল্প বাবাকে স্মরণ করেছো। এখন জানো আমরা সেই বাবার

